



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৭২৯৭

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/বরগুনা-১২৩/ ১৬৭২

তারিখঃ ২৬/০৬/২০১৬খ্রিঃ

বিষয়ঃ গভার্ণিং বডি'র সভাপতি হিসাবে ডাঃ মোঃ মাহমুদুল হাসান এর পদ বাতিল পূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলায়ীন কেওড়াবুনিয়া এছহাকিয়া আলিম মাদরাসার অধ্যক্ষের আবেদন ও গভার্ণিং বডি গঠন সংক্রান্ত কাগজপত্রের ভিত্তিতে গত ১২/০৬/২০১৬খ্রিঃ তারিখে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৬১০/নথি নং-বরগুনা-১২৩ স্মারকে ডাঃ মোঃ মাহমুদুল হাসানকে সভাপতি পদে মনোনয়ন প্রদান পূর্বক পূর্নঙ্গ গভার্ণিং বডি'র অনুমোদন দেয়া হয়।

২) পরবর্তীতে উক্ত গভার্ণিং বডি'র সভাপতি মনোনয়নের ক্ষেত্রে প্রকৃত ব্যক্তি জনাব মোঃ আলতাফ হোসেন এর মনোনয়ন সংক্রান্ত কাগজপত্র বাদ দিয়ে স্থানীয় মাননীয় সংসদ সদস্য ও অধ্যক্ষের স্বাক্ষর ও সিল জাল-জালিয়াতি করে ডাঃ মোঃ মাহমুদুল হাসান এর মনোনয়ন সংক্রান্ত সৃজিত কাগজপত্র দাখিল করা হয়েছে মর্মে মাদরাসার অধ্যক্ষ অভিযোগপত্র বোর্ডে দাখিল করেছেন।

৩) অত্র দপ্তরে রক্ষিত মাদরাসা সংক্রান্ত নথি বিস্তারিত পর্যালোচনা পূর্বক ডাঃ মোঃ মাহমুদুল হাসানকে সভাপতি পদে মনোনয়ন প্রদান সংক্রান্ত কাগজপত্র সৃজিত মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায়-

ক) প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৬১০/নথি নং-বরগুনা-১২৩; তারিখঃ ১২/০৬/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি হিসাবে ডাঃ মোঃ মাহমুদুল হাসান এর পদ এতদ্বারা বাতিল করা হলো।

খ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য, ১০৯ বরগুনা-১ এর সুপারিশের প্রেক্ষিতে জনাব মোঃ আলতাফ হোসেন, পিতা- মৃত মোঃ ফজলুর রহমানকে গভার্ণিং বডি'র অবশিষ্ট মেয়াদের সভাপতি হিসাবে মনোনয়ন প্রদান করা হলো। গভার্ণিং বডি'র অন্যান্য সদস্যপদ বহাল থাকবে।

প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্লাহ  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৫৮৬১০২১৬

প্রাপকঃ ১) ডাঃ মোঃ মাহমুদুল হাসান, পিতা- মাওঃ আঃ রশীদ, ঠিকানা- কেওড়াবুনিয়া, আশাখালী, সদর, বরগুনা।

২) জনাব মোঃ আলতাফ হোসেন, পিতা- মৃত মোঃ ফজলুর রহমান, ঠিকানা- বড় লবনগোলা, সদর, বরগুনা।

নং- বামাশিবো/প্রশা/বরগুনা-১২৩/

তারিখঃ /০৬/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১) জনাব ধীরেন্দ্র দেবনাথ শমসু জাতীয় সংসদ সদস্য, ১০৯ বরগুনা-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, বরগুনা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, সদর, বরগুনা।
- ৪) জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
- ৫) ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লিঃ ..... শাখা, সদর, বরগুনা।
- ৬) অধ্যক্ষ, কেওড়াবুনিয়া এছহাকিয়া আলিম মাদরাসা, সদর, বরগুনা।
- ৭) সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, কেওড়াবুনিয়া এছহাকিয়া আলিম মাদরাসা, সদর, বরগুনা।
- ৮) পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯) অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪